

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

নম্বর : ৮০.০০.০০২৬.৩০১(গোপনীয়).১৭.০০১.১৭-৩৮৪

তারিখ : ০৯.১১.২০১৭

বিজ্ঞপ্তি

বিষয়ঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন নিবন্ধন পরিদপ্তরের “সাব-রেজিস্ট্রার” পদে ফলাফল স্থগিতকৃত ০২ জন প্রার্থীর ফলাফল প্রকাশ।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২১.০৫.২০১৭ তারিখের ৮০.০০.০০২৬. ৩০১(গোপনীয়).১৭.০০১.১৭-১৮৯ নং স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তিতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন নিবন্ধন পরিদপ্তরের “সাব-রেজিস্ট্রার” পদের ০২ প্রার্থীর ফলাফল তথ্য বিভ্রাট/প্রশাসনিক কারণে স্থগিত রাখা হয়। পরবর্তীতে উক্ত প্রার্থীদের বিষয়ে কমিশন কর্তৃক গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন নিবন্ধন পরিদপ্তরের “সাব-রেজিস্ট্রার” পদে ০২ জন প্রার্থীদের বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে (Provisionally) নির্বাচন করা হয়েছেঃ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন নিবন্ধন পরিদপ্তরের “সাব-রেজিস্ট্রার” (৯ম গ্রেড) :

রেজিঃ নং- ০১০৫৫০ ও ০১৯৭২৪ = ০২ জন।

২. সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে যে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোনো গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীদের সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীদের ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তাদের বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩. মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রার্থীদের নিয়োগ প্রদান করবে। মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের মুক্তিযোদ্ধা সনদ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যাচাই বাছাইপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন। সুপারিশকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৪. প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)  
(যুগ্ম-সচিব)